# বাংলা ওয়ার্ক বুক

# সাহিত্য মালঞ্চ-২



# প্রস্তুতবল্রণ

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্যদ, ত্রিপুরা সরকার ।

## © এস সি ই আর টি, ত্রিপুরা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।

# দশম শ্রেণির বাংলা ওয়ার্কবুক

প্রথম প্রকাশ - সেপ্টেম্বর, ২০২১

প্রচ্ছদ : অশোক দেব, শিক্ষক

অক্ষর বিন্যাস : এস সি ই আর টি, ত্রিপুরা।

মুদ্রক: সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইণ্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২

# প্রকাশ্ব

অধিকৰ্তা

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, ত্রিপুরা।

রতন লাল নাথ মন্ত্রী শিক্ষা দপ্তর ত্রিপুরা সরকার





শিক্ষার প্রকৃত বিকাশের জন্য, শিক্ষাকে যুগোপযোগী করে তোলার জন্য প্রয়োজন শিক্ষাসংক্রান্ত নিরন্তর গবেষণা। প্রয়োজন শিক্ষা সংশ্লিষ্ট সকলকে সময়ের সঙ্গো সঙ্গো প্রশিক্ষিত করা এবং প্রয়োজনীয় শিখন সামগ্রী, পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের বিকাশ সাধন করা। এস সি ই আর টি ত্রিপুরা রাজ্যের শিক্ষার বিকাশে এসব কাজ সুনামের সঙ্গো করে আসছে। শিক্ষার্থীর মানসিক, বৌদ্ধিক ও সামাজিক বিকাশের জন্য এস সি ই আর টি পাঠ্যক্রমকে আরো বিজ্ঞানসম্মত, নান্দনিক এবং কার্যকর করবার কাজ করে চলেছে। করা হচ্ছে সুনির্দিষ্ট পরিকল্পনার অধীনে।

এই পরিকল্পনার আওতায় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের পাশাপাশি শিশুদের শিখন সক্ষমতা বৃদ্ধির জন্য তৈরি করা হয়েছে ওয়ার্ক বুক বা অনুশীলন পুস্তক। প্রসঞ্চাত উল্লেখ্য, ছাত্র-ছাত্রীদের সমস্যার সমাধানকে সহজতর করার লক্ষ্যে এবং তাদের শিখনকে আরো সহজ ও সাবলীল করার জন্য রাজ্য সরকার একটি উদ্যোগ গ্রহণ করেছে, যার নাম 'প্রয়াস'। এই প্রকল্পের অধীনে এস সি ই আর টি এবং জেলা শিক্ষা আধিকারিকরা বিশিষ্ট শিক্ষকদের সহায়তা গ্রহণের মাধ্যমে প্রথম থেকে ছাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ওয়ার্ক বুকগুলো সূচারুভাবে তৈরি করেছেন। ষষ্ঠ থেকে অফ্টম শ্রেণি পর্যন্ত বিজ্ঞান, গণিত, ইংরেজি, বাংলা ও সমাজবিদ্যার ওয়ার্ক বুক তৈরি হয়েছে। নবম দশম শ্রেণির জন্য হয়েছে গণিত, বিজ্ঞান, সমাজবিদ্যা, ইংরেজি ও বাংলা। একাদশ দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজি, বাংলা, হিসাবশাস্ত্র, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, অর্থনীতি এবং গণিত ইত্যাদি বিষয়ের জন্য তৈরি হয়েছে ওয়ার্ক বুক। এইসব ওয়ার্ক বুকের সাহায্যে ছাত্র-ছাত্রীরা জ্ঞানমূলক বিভিন্ন কার্য সম্পাদন করতে পারবে এবং তাদের চিন্তা প্রক্রিয়ার যে স্বাভাবিক ছন্দ রয়েছে, তাকে ব্যবহার করে বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় লিখিত এইসব অনুশীলন পুস্তক ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে।

এই উদ্যোগে সকল শিক্ষার্থী অতিশয় উপকৃত হবে। আমার বিশ্বাস, আমাদের সকলের সক্রিয় এবং নিরলস অংশগ্রহণের মাধ্যমে ত্রিপুরার শিক্ষাজগতে একটি নতুন দিগন্তের উন্মেষ ঘটবে। ব্যক্তিগত ভাবে আমি চাই যথাযথ জ্ঞানের সঙ্গো সঙ্গো শিক্ষার্থীর সামগ্রিক বিকাশ ঘটুক এবং তার আলো রাজ্যের প্রতিটি কোণে ছড়িয়ে পড়ুক।

760 mor and

(রতন লাল নাথ)

# পুস্তকটি তৈরি ও পরিমার্জনায়

শ্রীমতি এমেলি নাগ, শিক্ষিকা শ্রীমতি অর্পিতা সাহা, শিক্ষিকা

# সূচিপত্র

| 314015 <u>-</u> 1            |                              |      |
|------------------------------|------------------------------|------|
| ১। অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি | ভারতচন্দ্র রায় গুণাকর       | >    |
| ২। পরিচয়                    | রবীন্দ্রনাথ ঠাকুর            | b    |
| ৩।হাট                        | যতীন্দ্ৰনাথ সেনগুপ্ত         | \$@  |
| ৪। এখানে আকাশ নীল            | জীবনানন্দ দাশ                | ২১   |
| ৫।সামান্যই প্রার্থনা         | বিজনকৃষ্ণ চৌধুরী             | ২৬   |
| গদ্যাংশ                      |                              |      |
| ১। দস্যু কবলে                | বিজ্জ্মিচন্দ্র চট্টোপাধ্যায় | ৩১   |
| ২। নতুনদা                    | শরৎচন্দ্র চট্টোপাধ্যায়      | ৩৯   |
| ৩। সিংহের দেশ                | বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়   | 84   |
| ৪। দেবতামুড়া ও ডম্বুর       | সমরেন্দ্র চন্দ্র দেববর্মা    | ৫৬   |
| ছোটোগল্প                     |                              |      |
| ১। বেড়া                     | মানিক বন্দ্যোপাধ্যায়        | ৬৩   |
| ২।সুভা                       | রবীন্দ্রনাথ ঠাকুর            | 90   |
| সাধারণ ব্যাকরণ               |                              | 99   |
| নির্মিতি —                   |                              |      |
| ১।ভাব সম্প্রসারণ             |                              | ৯২   |
| ২। সভার কার্যবিবরণী          |                              | ৯৫   |
| ৩। প্রবন্ধ রচনা              |                              | ৯৭   |
| আদর্শ প্রশ্নপত্র             |                              | \$00 |

# 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি'

#### কবি -- ভারতচন্দ্র রায়গুণাকর

#### কবি পরিচিতিঃ

মধ্যযুগে বাংলা মঞ্চালকাব্য ধারার সর্বশ্রেষ্ঠ ও শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর। অফীদশ শতকের মাঝামাঝি সময়ে একদিকে মধ্যযুগের অবসান অন্যদিকে আধুনিক যুগের সূচনা লগ্নে যুগসন্দিক্ষণে আনুমানিক ১৭১২ খ্রিস্টাব্দে কবির আবির্ভাব। তাঁর পিতার নাম নরেন্দ্রনারায়ণ এবং মাতার নাম ভবানী। কবির অসাধারণ প্রতিভার পরিচয় পেয়ে মহারাজা কৃষ্ণচন্দ্র কবিকে সভাপন্ডিত পদে নিযুক্ত করেন এবং মহারাজার আদেশে কবি তাঁর বিখ্যাত কাব্য 'অন্নদামঙ্গাল' রচনা করে 'ভারতখ্যাত' হন। মহারাজা কৃষ্ণচন্দ্র কবিকে 'রায়গুণাকর' উপাধিতে ভূষিত করেন। তাঁর কাব্যের প্রশংসা করে রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, 'রাজকণ্ঠের মণিমালা।' ১৭৫২ খ্রিস্টাব্দে রচিত 'অন্নদামঙ্গাল' কাব্যের তিনটি খণ্ড-'অন্নদামঙ্গাল', 'অন্নপূর্ণা মঙ্গাল' এবং 'কালিকামঙ্গাল'। এছাড়াও ভারতচন্দ্র 'সত্যনারায়ণ পাঁচালী', 'রসমঞ্জুরী', 'চণ্ডীনাটক', নাগান্টক' প্রভৃতি কাব্য রচনা করেন। এই প্রতিভাবান কবি ১৭৬০ খ্রিস্টাব্দে বহুমূত্র রোগে পরলোকগমন করেন।

#### উৎস গ্রন্থ ঃ

কবি ভারতচন্দ্র রায়গুণাকরের 'অন্নদামঙ্গাল' কাব্যের প্রথম খন্ড 'অন্নদামঙ্গাল' এর অন্তর্গত 'অন্নদার ভবানন্দ ভবনে যাত্রা' থেকে গৃহীত পাঠ্যাংশটি।

#### মূলভাব ঃ

মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি রায়গুণাকর ভারতচন্দ্রের 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি' কাব্যাংশের মূল চরিত্র দুটি — দেবী অন্নপূর্ণা ও গাঙ্গিনী নদীর ঘাটে নৌকা পারাপারকারী মাঝি ঈশ্বরী পাটনি। কাব্যের শুরু থেকে শেষ পর্যন্ত এই দুই চরিত্রের নাটকীয় পারস্পরিক কথোপকথনের মধ্য দিয়ে কাব্যের অগ্রগতি হয়েছে। দেবী অন্নপূর্ণার নৌকা ওঠার ছাড়পত্র লাভের জন্য আলংকারিক ভাষায় ঈশ্বরী পাটনিকে তাঁর যে আত্মপরিচয় দিয়েছেন তাতে অফীদশ শতকের কবি ভারতচন্দ্রের কাব্য প্রতিভার অনবদ্য প্রকাশ ঘটেছে। দেবী অন্নপূর্ণার মানবীরূপের সঙ্গো যুক্ত হয়েছে ঈশ্বরী পাটনির সকরুণ প্রার্থনা — 'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে'। এই প্রার্থনার মধ্যে ফুটে উঠেছে তৎকালীন সামাজিক ও অর্থনৈতিক এক সংকটময় চিত্র। ঈশ্বরী পাটনি কবি ভারতচন্দ্রের সৃষ্ট এক জীবস্ত চরিত্র।

#### শকার্থ ঃ

পাটনি — মাঝি। বামাস্বর — নারীকণ্ঠ। ফেরফার — অপবাদ। কুকথা — মন্দ কথা, অন্যার্থে পৃথিবীর কথা। পঞ্চমুখ — মুখর, অন্য অর্থে পঞ্চানন শিব।

অহর্নিশ - দিন রাত। নায়ে - নৌকায়। বাড়ে - নৌকার প্রাস্ত দেশে। কোকনদ - লালপদ্ম। সেঁউতি - নৌকার জলসিঞ্চনের পাত্র। তরি - নৌকা। তটে - তীরে। কক্ষে - কাঁখে। অফীপদ - সোনা।

#### পাঠ্যাংশের ব্যাকরণ

#### সন্ধি বিচ্ছেদ করোঃ মান - ১

সন্তান - সম্ + তান নিশ্চয় -

তর্জা - সঞ্জার -

ভবানন্দ - সিন্দ্ধি -

ত্বরা - ভাগ্যোদয় -

স্বরূপা - মনোনীত -

#### নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করোঃ মান - ১

১।এ তো মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়।(সরল বাক্য)

উত্তর ঃ এ মেয়ে দেবতা নিশ্চয়।

২। যেখানে কুলীন জাতি সেখানে কোন্দল। (সরল বাক্য)

উঃ

৩। তোর নায়ে ভরা জল। (জটিল বাক্য)

উঃ

৪। পরম কুলীন স্বামী বন্দ্যবংশখ্যাত। (জটিল বাক্য)

উঃ

৫। ত্বরায় আনিল নৌকা বামাস্বর শুনি।(যৌগিক বাক্য)

দৈ গ

৬। সেঁউতি লইয়া কক্ষে চলিলা পাটনি।(যৌগিক বাক্য)

উঃ

৭।কহিয়াছি সত্য কথা।(নঞৰ্থক বাক্য)

উঃ

৮। কোনো গুণ নাহি তাঁর কপালে আগুন। (অস্ত্যর্থক বাক্য)

উ :

৯।জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।(প্রশ্নবোধক প্রশ্ন)

क्ति व

১০। অন্নপূর্ণা উত্তরিলা গাঙ্গিণীর তীরে। (জটিল বাক্য)

#### উক্তি পরিবর্তন করোঃ মান – ১

১। 'অন্নপূর্ণা উত্তরিলা গাঙ্গিনীর তীরে।

পার করো বলিয়া ডাকিল পাটনিরে।।'

উত্তর ঃ অন্নপূর্ণা গাঙ্গিনীর তীরে উপস্থিত হলেন এবং পাটনিকে ডেকে পার করার জন্য বললেন।

২। 'দেব কন দিব আগে পারে লয়ে চল।'

উঃ

৩। 'পাটনি বলিছে আমি বুঝিনু সকল।

যেখানে কুলীন জাতি সেখানে কোন্দল।।'

উঃ

৪। 'সভয়ে পাটনি কহে চক্ষে বহে জল।

দিয়াছ যে পরিচয় সে বুঝিনু ছল।।

উ

৫। 'প্রণমিয়া পাটনি কহিছে জোড়হাতে।

আমার সন্তান যেন থাকে দুধেভাতে।।'

উঃ

#### সঠিক উত্তর নির্বাচন করো ঃ মান -১

- ১। 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি' কবিতার কবির নাম হল
  - ক) ভারতচন্দ্র রায়গুণাকর, খ) রবীন্দ্রনাথ ঠাকুর, গ) ঈশ্বর গুপ্ত, ঘ) নজরুল

উত্তর ঃ- ভারতচন্দ্র রায়গুণাকর।

- ২।'সেই ঘাটে খেয়া দেয়'— এখানে কোন্ ঘাটের কথা বলা হয়েছে?
  - ক) যমুনার ঘাট, খ) গঙ্গার ঘাট, গ) গাঙ্গিনীর ঘাট, ঘ) পদ্মার ঘাট।

উঃ

- ৩।'গোত্রের প্রধান পিতা —'—শূন্যস্থানটিতে হবে
  - ক) মুখবংশজাত, খ) বন্দ্যবংশখ্যাত, গ) কুলীন বংশখ্যাত, ঘ) মজুন্দার বংশজাত।

উঃ

- ৪। কুলবধূর সতীন কে ছিলেন?
  - ক) যমুনা, খ) সরস্বতী, গ) গঙ্গা, ঘ) গোদাবরী।

উ ঃ

- ৫। 'অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই'—ভাইয়ের নাম লেখো।
  - ক) হিমালয়, খ) বিন্ধ্য, গ) আরাবল্লী, ঘ) মৈনাক।

- ৬। 'কীবা শোভা নদীতে ফুটিল কোকনদ' 'কোকনদ' কী ?
  - ক) লালপদ্ম, খ) সাদাপদ্ম, গ) নীলপদ্ম, ঘ) হলুদপদ্ম।

উঃ

- ৭। 'হ্দে ধরি ভূতনাথ' 'ভূতনাথ' বলতে কাকে বোঝানো হয়েছে ?
  - ক) ব্রহ্মা, খ) বিষ্কু, গ) শিব, ঘ) যম।

উঃ

- ৮। 'কাঠের সেঁউতি মোর হৈল অফীপদ' 'অফীপদ' শব্দের অর্থ কী?
  - ক) লোহা, খ) রূপা, গ) সোনা, ঘ) তামা।

উঃ

- ৯। দেবী কোন্দিকে গজগমনে চললেন?
  - ক) পূর্ব মুখে, খ) পশ্চিম মুখে, গ) উত্তর মুখে, ঘ) দক্ষিণ মুখে।
  - উ ঃ
- ১০। 'আমি দেবী অন্নপূর্ণা প্রকাশ —' শূন্যস্থানটি হবে
  - ক) দ্বারকায়, খ) পুরীতে, গ) কাশীতে, ঘ) কৈলাসে।

উঃ

#### পূর্ণাঞ্চা বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর লেখোঃ মান - :

- ১। 'একা দেখি কুলবধূ কে বট আপনি' উক্তিটি কার ? উত্তর ঃ এখানে কুলবধূরূপী দেবী অন্নপূর্ণার উদ্দেশ্যে ঈশ্বরী পাটনির এই উক্তি।
- ২। 'খেয়া ঘাটের' মাঝির নাম লেখো।

উত্তর ঃ

৩। অন্নপূর্ণা নামটি কে দিয়েছিলেন ?

উঃ

৪। 'পাষাণ বাপ' বলতে কাকে বোঝানো হয়েছে?

উ ঃ

৫। কে ভূত নাচিয়ে ঘরে ঘরে ফেরেন?

क्ते ३

৬। কারা দেবী অন্নপূর্ণার পদ ধ্যান করেন?

উঃ

৭। দেবীর পাদস্পর্শে কী অফীপদে পরিণত হয়েছে?

| ৮। গঙ্গিনী নদী পাড় করে দেবী কার নিবাসে যাবেন ?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| উ ঃ                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |
| ৯। কোন্দলের ত্রাসে দেবী কার বাড়ি ত্যাগ করলেন ?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| উঃ                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
| ১০। কোন্ মাসে, কোন্ তিথিতে দেবী অন্নপূর্ণার পুজো হয়ে থাকে?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
| ত                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           |
| রচনাধর্মী প্রশ্নোত্তর লেখোঃ মান-৫                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| ১। 'ঈশ্বরীরে পরিচয় করেন ঈশ্বরী'                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            |
| ক. কার লেখা, কোন্ কবিতার অংশ ?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
| খ. এখানে উল্লিখিত দুইজন ঈশ্বরী কে কে?<br>গ. পরিচয় দানের কারণ ব্যাখ্যা করো। (১+১+৩ = ৫)                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| ত্তির ঃ ক. মধ্যযুগের কবি ভারতচন্দ্র রায়গুণাকরের রচিত 'অন্নদামঙ্গাল' কাব্যের অন্তর্গত 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি' কাব্যাংশ                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  |
| ७७५ : पर मर्गपूर में पार भार भार अपने साम मूना पर सम्मान पर प्रार्थ अपने अपने मार्ग अपने सम्मान परिवास समित समित परिवास समित समित परिवास समित परिवास समित समित समित समित समित समित समित समि |
| খ. উল্পৃতাংশে উল্লিখিত দুইজন ঈশ্বরীর মধ্যে প্রথম ঈশ্বরী হলেন গাঙ্গিনী ঘাটের খেয়ামাঝি ঈশ্বরী পাটনি এবং দ্বিতীয় ঈশ্বরী                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      |
| হলেন কাশীশ্বরী দেবী অন্নপূর্ণা।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| গ. কুলবধূরূপী দেবী অন্নপূর্ণা কোন্দলের ত্রাসে ভক্ত হরিহোড়ের নিবাস ত্যাগ করে অন্য আরেক ভক্ত ভবানন্দ মজুমদারের বাড়ির                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
| ়<br>উদ্দেশ্যে যাত্রা করেন। পথে গাঙ্গিনী নদীর ঘাটে এসে অপর পাড়ে পৌঁছানোর জন্য খেয়ামাঝি ঈশ্বরী পাটনিকে আহ্বান করলেন।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       |
| তখনকার সামাজিক রীতি অনুযায়ী কোনো নারীর একা চলাফেরা করার নিয়ম ছিল না। তাই এই অপরিচিতা কুলবধূকে বিনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
| পরিচয়ে খেয়া পাড় করতে সামাজিক অপবাদের ভয়ে ঈশ্বরী পাটনি অস্বীকার করেন। তখন দেবী নদী পাড় হওয়ার জন্য                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      |
| খেয়ামাঝি ঈশ্বরী পাটনিকে আংলকারিক ভাষায় আত্মপরিচয় দান করেন।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
| নিজে করোঃ মান — ৫                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           |
| ২।'অতি বড়ো বৃদ্ধপতি সিম্পিতে নিপুণ।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
| কোনো গুণ নাহি তার কপালে আগুন।।'                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| ক. কোন্ কবির, কোন্ কবিতার অংশ ?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| খ. কে, কাকে উদ্দেশ্য করে এ কথা বলেছেন ?                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| গ. উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। (১+১+৩ = ৫)                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
| উঃ                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
| ⊌ \$                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |

| ৩।'কু           | -কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ'                        |                             |                    |
|-----------------|----------------------------------------------------|-----------------------------|--------------------|
|                 | 'কু-কথা' শব্দের অর্থ কি ?                          |                             |                    |
| খ. <sup>'</sup> | ঈশ্বরী পাটনি এই কথাটির কি অর্থ বুঝেছিলেন?          |                             |                    |
| গ.              | দেবী এই কথার দ্বারা কী বোঝাতে চেয়েছেন ?           | (>+>+> =                    | <b>(</b> *)        |
| উঃ              | 3                                                  |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
| ৪।'এ            | াতো মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়'।                |                             |                    |
|                 | এ ধারণাটি কার ?                                    |                             |                    |
|                 | প্রথম 'মেয়ে' বলতে কাকে বোঝানো হয়েছে?             |                             |                    |
|                 | বক্তার এ মনোভাবের পরিচয় দাও।                      | = 0+2+2)                    | (b)                |
|                 | 8                                                  |                             | 4)                 |
|                 | ·                                                  |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             | •••••              |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             | •••••              |
|                 |                                                    |                             |                    |
| ে।'ত            | যামার সন্তান যেন থাকে দুধে ভাতে'                   |                             |                    |
|                 | এখানে কার সন্তানের কথা বলা হয়েছে?                 |                             |                    |
|                 | এই প্রার্থনার মধ্য দিয়ে বক্তার কী মনোভাব প্রকাশিত | a action without acat i     | (2+8=¢)            |
| ্ব.<br>উ        |                                                    | ક રહેલ દર બાલ્યાબના ચહેલા ! | $(3 + 8 - \alpha)$ |
| 9 8             | ·                                                  |                             | ••••••             |
|                 |                                                    |                             | •••••              |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |
|                 |                                                    |                             |                    |

| ৬। 'বিশেষণে সবিশেষ কহিবারে পারি'।                           |                                 |
|-------------------------------------------------------------|---------------------------------|
| ক. বস্তা কে?                                                |                                 |
| খ. কোন্ প্রসঙ্গো বক্তা এ কথা বলেছিলেন ?                     |                                 |
| গ. বক্তা কীভাবে বিশেষণের মধ্য দিয়ে আত্মপরিচয় দিয়েছিলেন ? | (>+>+o=@)                       |
| উঃ                                                          |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
| ৭। 'দিয়াছ যে পরিচয় সে বুঝিনু ছল।'                         |                                 |
| ক. বস্তুা কে?                                               |                                 |
| খ. প্রসঞ্চা ব্যাখ্যা করে তাৎপর্য বিশ্লেষণ করো।              | (>+8 = ◊)                       |
| উঃ                                                          |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
| ৮। 'তপজপ জানি নাহি ধ্যান জ্ঞান আর।'                         |                                 |
| ক. কে, কাকে এ কথা বলেছিল ?                                  |                                 |
| খ. প্রসঙ্গা উল্লেখ করে বক্তার চরিত্র আলোচনা করো।            | $(\diamond + \circ = \diamond)$ |
|                                                             |                                 |
| উঃ                                                          |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |
|                                                             |                                 |

## পরিচয়

#### রবীন্দ্রনাথ ঠাকুর

#### কবি পরিচিতিঃ (১৮৬১-১৯৪১)

বাংলা সাহিত্যের প্রাণপুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালির চিরন্তন গর্ব। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ খ্রিস্টাব্দে ৭ মে (১২৬৮ বঙ্গাব্দ, ২৫শে বৈশাখ) উত্তর কলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে। পিতামহ ছিলেন প্রিন্ধ দ্বারকানাথ ঠাকুর। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং মাতা সারদাদেবী। স্কুল কলেজের প্রথাগত শিক্ষালাভ না করলেও ঠাকুরবাড়ির ঐতিহ্যময় পরিবেশে গৃহশিক্ষকের কাছে রবীন্দ্রনাথ বিদ্যাশিক্ষার পাশাপাশি সংগীত ও অঙ্কণে পারদর্শী হয়ে ওঠেন। শৈশবকাল থেকেই রবীন্দ্রনাথ কবিতা রচনা শুরু করেন। ছাপার অক্ষরে তাঁর প্রথম কবিতা 'হিন্দু মেলার উপহার'। বাংলা সাহিত্যের সব শাখাতেই তাঁর দান বিস্ময়কর ও অপরিমেয়। কবিতা ছাড়াও ছোটগল্প, উপন্যাস, পত্রসাহিত্য, নাটক, প্রবন্ধ, সংগীত প্রভৃতি নানা বিষয়ে সাহিত্যরাশি রচনা করে বাংলা সাহিত্যকে বিশ্বের অন্যতম সাহিত্যরূপে প্রতিষ্ঠিত করেছেন। তাঁর রচিত উল্লেখযোগ্য কাব্যপ্রস্থাগুলি—'প্রভাত সংগীত', 'সন্ধ্যা সংগীত', 'কড়িও কোমল', 'মানসী', 'সোনারতরী', 'চিত্রা', 'চৈতালি', 'গীতাঞ্জুলি' কাব্যের ইংরেজী অনুবাদ 'Song Offerings' এর জন্য নোবেল পুরস্কারে ভূষিত হন। ১৯০১ সালে শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেন যা বিশ্বভারতীরূপে তাঁর গঠনমূলক কর্মপ্রতিভার অবিস্মরণীয় কীর্তি। ভারত ও বাংলাদেশ দুটি স্বাধীন রান্ট্রের 'জাতীয় সংগীত' এর রচয়িতা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। তাই কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় যথার্থ বলেছেন, 'কবিগুরু তোমার প্রতি চাহিয়া আমাদের বিস্ময়ের সীমা নাই'। এই প্রকৃতিপ্রেমী কবির প্রয়াণ ঘটে ১৯৪১ খ্রিস্টাব্দে ৮ই আগস্ট (১৩৪৮ বঙ্গান্দ, ২২শে শ্রাবণ)।

#### উৎসগ্রন্থ ঃ

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গোধূলি পর্যায়ের রচনা 'পরিচয়' কবিতাটি 'সেঁজুতি' কাব্যগ্রন্থের অন্তর্গত। ১৩৪৩ বঙ্গান্দের ১৩ই মাঘ শান্তিনিকেতনে কবি 'পরিচয়' কবিতাটি রচনা করেন। 'সেঁজুতি' কাব্যগ্রন্থটি কবি উৎসর্গ করেন তাঁর বন্ধু বিশিফ্ট চিকিৎসক নীলরতন সরকারকে।

#### মূলভাব ঃ

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন সায়াহ্নে রচিত দার্শনিক ভাবসমৃদ্ধ কবিতা 'পরিচয়'। এই কবিতার মধ্য দিয়ে জীবনের গোধূলিবেলায় কবি বিশ্ববাসীর কাছে নিজের পরিচয় তুলে ধরতে চেয়েছেন। পৃথিবী থেকে চির বিদায় লগ্নে কবি জীবনের সত্য পরিচয়ের হিসেব-নিকেশে মগ্ন। তাই তিনি নশ্বর জগৎ ও জীবনের মিলন ভূমিতে সাধারণ মানুষের সঙ্গো একাত্মবোধ করেন এবং তাদের মধ্যেই নিজের আত্মরূপ খুঁজে পেয়েছেন। নিখিল বিশ্বমানবের সঙ্গো একাত্মবোধ থেকে কবি তাঁর জীবনের প্রথম পরিচয়কেই শেষ পরিচয়ের স্বীকৃতি দিয়েছেন। তাই সাধারণ মানুষের স্নেহ-ভালোবাসায় তাদের আপনজন হয়ে চিরদিন তিনি থাকতে চান। আর কবির এই জীবনদর্শনের উপলব্দিই এই কবিতায় আনন্দের সঙ্গো প্রকাশ করেছেন।

#### শব্দার্থ লেখোঃ

তরি - নৌকা। কুসুমিত - পুষ্পিত। সাঞ্চা - শেষ। তরঞ্চা - ঢেউ। বিস্মৃত - ভুলে যাওয়া। আরবার - পুনরায়।

#### পাঠ্যাংশের ব্যাকরণ

সন্ধি বিচ্ছেদ করোঃ মান - ১

বিস্মৃত - বি + স্মৃত। তর্জা -

ফাল্পুন - বসন্ত -

ছিন্ন - ক্লান্ত -

সন্ধ্যা - অকস্মাৎ -

#### নির্দেশানুসারে বাক্য পরিবর্তন করোঃ মান - ১

১। একা বসে গাইলাম যৌবনের বেদনার গান। (জটিল বাক্য)

উত্তরঃ একা বসে যে গান গাহিলাম তা হল যৌবনের বেদনার গান।

২।সেই গান শুনি কুসুমিত তরুতলে তরুণ-তরুণী তুলিল অশোক।(যৌগিক বাক্য)

উত্তর ঃ

৩। সেতারে বাঁধিলাম তার, গাহিলাম আরবার। (সরল বাক্য)

উত্তর ঃ

৪। আমি তোমাদেরই লোক। (নঞর্থক বাক্য)

উত্তর ঃ

৫।ছিন্ন অংশ তারা।(জটিল বাক্য)

উত্তর ঃ

৬। ভাটার গভীর টানে, তরিখানা ভেসে যায় সমুদ্রের পানে। (যৌগিক বাক্য)

উত্তর ঃ

৭। জোয়ারের বেলা/সাঙ্গা হল, সাঙ্গা হল তরঙ্গোর খেলা। (সরল বাক্য)

উত্তর ঃ

৮। সে মোর প্রথম পরিচয়। (জটিল বাক্য)

উত্তর ঃ

৯। একদিন তরিখানা থেমেছিল। (প্রশ্নসূচক বাক্য)

উত্তর ঃ

১০। আমি শুধু বলেছি, 'কে জানে'। (জটিল বাক্য)

উত্তর ঃ

#### উক্তি পরিবর্তন করোঃ

মান - ১

১। তোমরা শুধায়েছিলে মোরে ডাকি/পরিচয় কোনো আছে নাকি উত্তর ঃ তোমরা আমাকে ডেকে জিজ্ঞাসা করেছিলে যে, আমার কোনো পরিচয় আছে নাকি।

২। মোর হাতে দিয়া তারা কহিল, 'এ আমাদেরই লোক।'

উত্তর ঃ

৩। আমি শুধু বলেছি, 'কে জানে।'

উত্তর ঃ

৪। 'শুধাইছে দূর হতে চেয়ে,/সম্থ্যার তারার দিকে/বহিয়া চলেছে তরণি কে?'

উত্তর ঃ

#### সঠিক উত্তর নির্বাচন করোঃ মান - ১

১। 'পরিচয়' কবিতাটির মূল কাব্যগ্রন্থের নাম হলো —

ক) চিত্রা, খ) পূরবী, গ) সেঁজুতি, ঘ) নৈবেদ্য

উত্তর ঃ সেঁজুতি।

২। তরিখানা যেখানে থেমেছিল —

ক) ঘাটে, খ) সমুদ্রে, গ) মোহনায়, ঘ) মাঝ নদীতে।

উঃ

৩। একা বসে কবি যে গান গেয়েছিলেন —

- ক) যৌবনের সুখের গান খ) যৌবনের হতাশার গান
- গ) যৌবনের বেদনার গান ঘ) যৌবনের আনন্দের গান

উঃ

৪। তরুণ-তরুণীরা যেখানে ছিল —

- ক) কুসুমিত তর্তলে খ) ছায়াময় তর্তলে
- গ) পল্লবিত তরুতলে ঘ) সুভাসিত তরুতলে

উত্তর ঃ

৫। তরুণ-তরুণীরা কবির হাতে যে ফুল দিয়েছিল —

ক) চাঁপা, খ) শিউলি, গ) পদা, ঘ) অশোক।

উত্তর ঃ

```
৬। 'তারপরে সাঙ্গা হলো' — কী সাঙ্গা হলো —
```

- ক) ভাঁটার বেলা খ) জোয়ারের বেলা
- গ) পৃথিবীর খেলা ঘ) তরঙ্গের খেলা

উঃ

৭।'— দিনের কথা অকস্মাৎ যেন মনে আসে' — শূন্যস্থানটিতে হবে —

ক) অতীতে, খ) বর্তমান, গ) যৌবনের, ঘ) বিস্মৃত।

উঃ

৮। ঝুরে পড়ে যে ফুলের দল —

ক) কনক চাঁপা, খ) অশোক, গ) কৃষ্ণচূড়া, ঘ) বকুল।

উঃ

৯। 'পরিচয়' কবিতার কোন্ পাখির উল্লেখ আছে

ক) কোকিল, খ) কাক, গ) ময়না, ঘ) টিয়া।

উঃ

১০। কবি তার বেঁধেছিলেন —

ক) বেহালায়, খ) সেতারে, গ) একতারায়, ঘ) বীণায়।

উঃ

#### নীচের প্রশ্নগুলির পূর্ণাঞ্চা বাক্যে উত্তর লেখোঃ মান - ১

১। 'পরিচয়' কবিতার কবির নাম কি?

উত্তর ঃ 'পরিচয়' কবিতার কবি হলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।

২। 'পরিচয়' কবিতায় কার পরিচয় জিজ্ঞাসা করা হয়েছিল?

উঃ

৩। 'তোমরা শুধায়েছিলে' — এখানে 'তোমরা' কারা ?

উঃ

৪। 'এ আমাদেরই লোক' — কারা এ কথা বলেছে?

উঃ

৫। একা বসে কে গান গেয়েছিলেন?

উঃ

৬। 'সেই গান শুনি' — এখানে কোন্ গানের কথা বলা হয়েছে?

৭। 'তুলিল অশোক' — কারা অশোক ফুল তুলল?

উঃ

৮। 'পরিচয়' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ আছে?

উ ঃ

৯। ভাটার টানে তরিখানা কোথায় ভেসে যায়?

উঃ

১০। 'এই হোক শেষ পরিচয়' — এখানে কার পরিচয়ের কথা বলা হয়েছে?

উঃ

#### রচনাধর্মী প্রশ্নোত্তর লেখোঃ মান - ৫

১। 'আর কিছু নয় —

এই হোক শেষ পরিচয়'

- ক) কার লেখা, কোন্ কবিতার অংশ ?
- খ) কার শেষ পরিচয়ের কথা বলা হয়েছে?
- গ) উদ্প্রতাংশের তাৎপর্য লেখো।

 $(3=e+\zeta+\zeta)$ 

উত্তর ঃ ক) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত 'সেঁজুতি' কাব্যগ্রন্থের অন্তর্গত 'পরিচয়' কবিতার অংশ বিশেষ।

- খ) এখানে কবি রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ পরিচয়ের কথা বলা হয়েছে।
- গ) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনের গোধূলি পর্যায়ে রচিত 'পরিচয়' কবিতাটির মধ্যে এক দার্শনিক সুরের প্রকাশ ঘটেছে। পৃথিবী থেকে চিরবিদায় লগ্নে কবি জীবনের সত্য পরিচয়ের হিসেব-নিকেষে মগ্ন। শুধুমাত্র জন্ম পরিচয়, পিতৃ পরিচয় বা কর্মজীবনের আভিজাত্যের পরিচয়ের গভিতে তিনি তৃপ্ত থাকতে পারেননি। ব্যক্তি জীবনের পর্যালোচনায় কবি এই মর্ত্য পৃথিবীর সাধারণ মানুষের মধ্যেই তাঁর পরিচয়ের অহংকার খুঁজে পান। আর এই উপলব্ধি থেকেই কবি এই নিখিল পৃথিবীর সাধারণ মানুষের সঙ্গো একাত্মবোধ করেন এবং তাদের মধ্যেই তিনি তাঁর আত্মরূপ দেখতে পান। তিনি বিশ্বমানবের ক্ষেহ-ভালোবাসা-মমতায় তাদেরই একজন হিসেবে পরিচিত হতে চান।

- মদ্যপদলোপী বহুব্রীহি = দন্তের ন্যায় শুভ্র বীজ যার = দন্তবীজ।
- ♦ সহার্থক বহুব্রীহি = মন্ত্রের সহিত বর্তমান = সমন্ত্রক।
- ♦ অব্যয়ীভাব সমাস = কূলের সমীপে = উপকূল।
- ♦ অভাব অর্থে = মিলের অভাব = গরমিল।

- ♦ অনতিক্রম অর্থে = রীতিকে অতিক্রম না করে = যথারীতি।
- ♦ সীমা ও ব্যাপ্তি অর্থে = অন্ত পর্যন্ত = আদ্যন্ত।
- ♦ সম্মুখ অর্থে = কুলের সম্মুখে = অনুকূল।
- ♦ নিত্য সমাস = অন্যস্থান = স্থানান্তর
- ♦ অলোপ দ্বন্দু = গায়ে মাথায় = গায়ে ও মাথায়।
- কলোপ তৎপুরুষ = ঘিয়ে ভাজা/ জামারকাপড়
- ♦ অলোপ বহুব্রীহি = হাতে খড়ি = হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে।
- ♦ জটিল বাক্য = যদি মন দিয়ে বই পড়ো তবে প্রথম হবে।
- ♦ প্রশ্নবোধক বাক্য = অর্থ কি অনর্থের মূল নয়?
- ♦ অনুজ্ঞাসূচক বাক্য = দরজাটা বন্ধ করো।
- ♦ প্রার্থনাসূচক বাক্য = তোমার মঙ্গাল হোক।
- ♦ শর্তসাপেক্ষ বাক্য = যদি বৃষ্টি আসে, তবে আমি যাব না।
- অর্থের সংকোচ ... ঘাস ... খাদ্য (আদিঅর্থ) তৃণ (পরিবর্তিত অর্থ)
- 🜢 অর্থের উন্নতি .. মার্জনা .. ঘষা-মাজা (আদি অর্থ) .. ক্ষমা (পরিবর্তিত অর্থ)
- 🔸 অর্থের অবনতি ... অভিমান ... জ্ঞান (আদি অর্থ) ... অহংকার (পরিবর্তিত অর্থ)
- 🔸 অর্থের রূপান্তর বা অর্থ সংশ্লোষ .. গবাক্ষ .... গরুর চোখ (আদি অর্থ) ... জানালা (পরিবর্তিত অর্থ)

| <b>*</b> | নিজে করো :-                | মান-১ |
|----------|----------------------------|-------|
| ٥        | । সংস্কৃত কৃৎপ্রত্যয়      |       |
| ২        | । অনুকার শব্দ ———          |       |
| •        | । বিদেশি তন্ধির প্রত্যয়—- |       |
| 8        | । অর্থের সংকোচ             |       |
| œ        | । অর্থের অবনতি ———         |       |
| ৬        | । ফরাসি শব্দ ———           |       |
| ٩        | । পোর্তুগিজ শব্দ ———       |       |
| ъ        | । তামিল শব্দ ———           |       |
| ৯        | । আগন্তুক শব্দ ———         |       |
| ١,       | ০।বিদেশি শব্দ ———          |       |

## নমুনা

## (১) দ্বন্দ্ব সমাস

- ♦ একশেষ দ্বন্দ্ব আমরা আমি, তুমি ও সে।
- 🔷 প্রায়-সমার্থক হাট বাজার হাট ও বাজার।
- বহুপদী দ্বন্দ্ব চন্দ্র-সূর্য-গ্রহ-তারা চন্দ্র, সূর্য, গ্রহ ও তারা।
- 🔷 সমার্থক দ্বন্দু জপতপ জপ ও তপ।
- 🔷 বিপরীতার্থক ধনীদরিদ্র ধনী ও দরিদ্র।
- 🔷 বিরোধার্থক অহি-নকুল অহি ও নকুল।

## (২) দ্বিগু সমাস

♦সমাহার দ্বিগু - দশমিক - দশ দিকের সমাহার। তিশ্বতার্থক দ্বিগু - পাঁচকড়ি - পাঁচ কড়ি মূল্যের বিনিময়ে ক্রীত।

#### (৩) কর্মধারয় সমাস

- ♦ সাধারণ কর্মধারয় মহর্ষি মহান যে ঋষি।
- মধ্যপদ লোপী কর্মধারয় সিংহাসন সিংহ চিহ্নিত আসন।
- ♦উপমান কর্মধারয় শিশির বিমল শিশিরের ন্যায় বিমল। ♦উপমিত কর্মধারয় কথামৃত- কথা অমৃতের মতো।
- ♦রূপক কর্মধারয় মনমাঝি মন রূপ মাঝি।

## (৪) তৎপুরুষ সমাস

- ♦কর্ম তৎপুরুষ রথ দেখা রথকে দেখা।
- ♦নিমিত্ত তৎপুরুষ রান্নাঘর রান্নার নিমিত্ত ঘর।
- ♦নঞ তৎপুরুষ অম্লান নয় স্লান।
- ♦ক্রিয়া বিশেষণ তৎপুরুষ আধমরা আধা রূপে মরা।
- ♦করণ তৎপুরুষ মেঘাচ্ছন্ন মেঘ দ্বারা আচ্ছন্ন।
- ♦অপাদান তৎপুরুষ জন্মান্ধ জন্ম হতে অন্ধ।
- ♦ব্যাপ্তি তৎপুরুষ জীবনানন্দ জীবন ব্যাপিয়া আনন্দ।

## (৫) বহুব্রীহি সমাস

- ♦সমানাধিকরণ বহুব্রীহি নীলকণ্ঠ নীলকণ্ঠ যার।
- সংখ্যাবাচক বহুব্রীহি দশানন দশ আনন যার।
- ♦সহার্থক বহুব্রীহি সস্ত্রীক -স্ত্রীর সহিত বর্তমান।
- ♦ব্যাধিকরণ বহুব্রীহি বীণাপাণি বীণা পাণিতে যার।
- ♦ব্যতিহার বহুব্রীহি লাঠালাঠি লাঠিতে লাঠিতে যে যুদ্ধ।
- মদ্যপদলোপী বহুব্রীহি-মীনাক্ষী -মীনের (মাছের) ন্যায় অক্ষি যার।
- ♦নঞ্-বহুব্রীহি বেঁহুশ নেই হুঁশ যার।

## (৬) অব্যয়ীভাব সমাস

- ♦সমীপ্য অর্থে উপকূল কূলের সমীপে।
- ♦বীপ্সা অর্থে প্রতিদিন দিন দিন।
- ♦অনতিক্রম্য অর্থে যথাশক্তি শক্তিকে অতিক্রম না করে।
- ◆সীমা ও ব্যাপ্তি অর্থে আকন্ঠ কন্ঠ পর্যন্ত।
- ♦বিপরীত অর্থে প্রতিকূল কূলের বিপরীত।
- ♦যোগ্য অর্থে অনুরূপ রূপের যোগ্য।

- ♦অভাব অর্থে গরমিল -মিলের অভাব।
- ♦সাদৃশ্য অর্থে উপরাস্ট্রপতি রাস্ট্রপতির সদৃশ।
- ♦ক্ষুদ্র অর্থে উপগ্রহ ক্ষুদ্র গ্রহ।
- ♦সম্মুখ অর্থে প্রত্যক্ষ অক্ষির সম্মুখে।
- ♦পশ্চাৎ অর্থে অনুগমন গমনের পশ্চাৎ


# (৭) নিত্য সমাস

🛊 ভাষান্তর - অন্য ভাষা। দেশান্তর — অন্যদেশ। যুগান্তর — অন্য যুগ।

| ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করোঃ- (নিজে করো) | মান-১ |
|---------------------------------------------|-------|
| ১।মনগড়া                                    |       |
| ২।রাজভোগ                                    |       |
| ৩।চিরসুখী                                   |       |
| ৪।দম্পতি                                    |       |
| <ul><li>ে । মিশকালো</li></ul>               |       |
| ৬।ডাকমাশুল                                  |       |
| ৭।প্রতিবাদ                                  |       |
| ৮।পঞ্জবটী                                   |       |
| ৯।শিক্ষামন্ত্রী                             |       |
| ১০।শহীদ দিবস                                |       |
| ১১।কৃত্তিবাস                                |       |
| ১২।বেতার                                    |       |
| ১৩।মতান্তর                                  |       |
| ১৪।উপনদী                                    |       |
| ১৫।ফি-সন                                    |       |
| ১৬।মুখে-ভাত                                 |       |
| ১৭।প্রশাখা                                  |       |
| ১৮।খনিজ                                     |       |
| ১৯।শোকাগ্নি                                 |       |
| ২০।পরীক্ষামাত্র                             |       |
| ২১।মুখচন্দ্র                                |       |
| ২২। নরোত্তম                                 |       |
| ২৩।কানাকানি                                 |       |

- ২৪।সমন্ত্রক .....
- ২৫। ষড়ানন .....

## (গ) প্রত্যয় ঃ- (নমুনা)



- ulletকৃত প্রত্যয় = কর্তব্য  $ightarrow \sqrt{\gamma}$  + তব্য।
- ♦সংস্কৃত তদ্ধিত প্রত্যয় = যদু + মু = যাদব
- ♦বিদেশি তন্ধিত প্রত্যয় = বাবুয়ানা → বাবু + আনা।
- ♦তন্বিত প্রত্যয় = রামায়ণ → রাম + স্লায়ন।
- ♦বাংলা কৃৎ প্রত্যয় = চড়াও → √চড় + আও।
- ♦বাংলা তন্ধিত প্রত্যয় = হাতা → হাত + আ।
- া নিজে করো ঃ মান-১
- ১। আতরদান .....
- ২। আণবিক .....
- **৩। ঢাকা** .....
- ৪।জ্ঞানবান .....
- ৫।ঘরানা .....
- ৬। ঘেরাও .....
- ৭।চলিষ্বু .....
- ৮। চাঁদপানা .....
- ৯।ছেলেমি .....
- ১০।জলো.....
- ১১। আহার .....
- ১২।ঐতিহাসিক.....
- ১৩। কৌন্তেয় .....

| \$8        | । করণীয়    |
|------------|-------------|
| \$&        | । প্রাকৃতিক |
| ১৬         | । নাচক      |
| <b>١</b> ٩ | । দুষ্টামি  |
| ১৮         | । দ্বৈপায়ন |
| ১৯         | । মৌখিক     |
| ২০         | ।বৰ্তমান    |

## (বাগধারা) ঃ- (নমুনা)

#### ১। ওজন বুঝে চলা

অর্থ - ক্ষমতা মতো কাজ করা।

বাক্যে প্রয়োগ ঃ- জীবনের প্রতি পদক্ষেপে <u>ওজন বুঝে চলতে হয়</u>, না হলে বিপদের সম্মুখীন হতে হয়।

#### ২। অরণ্যে রোদন

অর্থ - নিষ্ফল আবেদন

বাক্যে প্রয়োগঃ- গুরুচরণের টাকা আছে, কিন্তু হৃদয় নেই, সুতরাং তার কাছে বন্যার্তের সাহায্যে চাঁদা চাওয়া <u>অরণ্যে</u> <u>রোদন</u> হবে।

## ৩। গভীর জলের মাছ

অর্থ - অত্যন্ত চালাক

বাক্যে প্রয়োগ - হালদার মশাই হচ্ছেন <u>গভীর জলের মাছ</u> ওর কাছ থেকে কথা বের করার প্রশ্ন ওঠে না।

#### ৪। চাঁদের হাট

অর্থ- গুণী ব্যক্তির সমাবেশ

বাক্যে প্রয়োগঃ- আজকের কবিতা পাঠের আসরে দেশ-বিদেশের সব নামী কবিদের ভিড় দেখে মনে হচ্ছে, সত্যিই চাঁদের হাটে এসেছি।

## ৫। টাকার কুমির

অর্থ- প্রচুর টাকার অধিকারী

বাক্যে প্রয়োগ ঃ- এ পাড়ায় একজন <u>টাকার কুমির</u> আছে, দেশে আধুনিক জীবন যাপনের সমস্ত সামগ্রী তার যেমন আছে, তেমন বিদেশে খানদশেক বাড়িও রয়েছে।

#### ৬। তাসের ঘর

অর্থ-ক্ষণস্থায়ী

বাক্যে প্রয়োগঃ- তোমার অহংকারের তৈরি এই বাড়ি কালো টাকায় গড়েছো, একদিন <u>তাসের ঘরের</u> মতো তা ভেঙ্গে পড়বে।

| ৭। ধনুক ভাগ্র                                                                                              |       |
|------------------------------------------------------------------------------------------------------------|-------|
| অর্থ- কঠিন প্রতিজ্ঞা                                                                                       |       |
| বাক্যে প্রয়োগ ঃ- আগামী বিশ্বকাপ ক্রিকেট ভারত জিতবে বলে <u>ধনুক ভাঙা পণ</u> নিয়ে অনুশীলন চালাচ্ছে।        |       |
| ৮। পুকুর চুরি                                                                                              |       |
| অর্থ- নি:শেষে অপহরণ                                                                                        |       |
| বাক্যে প্রয়োগ ঃ- এমন পু <u>কুর চুরি</u> শুরু হলে ভারতীয় রেলে মানমর্যাদা আর থাকবে না।                     |       |
| ৯। বালির বাঁধ                                                                                              |       |
| অর্থ- ক্ষণভজাুর                                                                                            |       |
| বাক্যে প্রয়োগ ঃ- বিপক্ষ টিমের ব্যাটিং-এর দাপটে আমাদের ডিফেন্স <u>বালির বাঁধের</u> মতো ভেঙে পড়ল।          |       |
| ১০। হাতের পাঁচ                                                                                             |       |
| অর্থ-শেষ সম্বল                                                                                             |       |
| বাক্যে প্রয়োগ ঃ- লালুর টানাপোড়নের দিনে <u>হাতের পাঁচ</u> হিসেবে যে হাজার টাকা ছিল, কিন্তু সে আবার চোরে আ | য়সাৎ |
| করেছে।                                                                                                     |       |
| ু নিজে করো ঃ-                                                                                              |       |
| - 1-100 4-041 9                                                                                            |       |
| ১। অহি-নকুল সম্পর্ক                                                                                        |       |
| অর্থ                                                                                                       |       |
| বাক্যে প্রয়োগ ঃ                                                                                           |       |
|                                                                                                            |       |
| ২। আষাঢ়ে গল্প                                                                                             |       |
| অর্থ                                                                                                       |       |
| বাক্যে প্রয়োগ ঃ-                                                                                          |       |
|                                                                                                            |       |
| ৩। ইঁচড়ে পাকা                                                                                             |       |
|                                                                                                            |       |
| অর্থ -                                                                                                     |       |
| অর্থ<br>বাক্যে প্রযোগ ঃ-                                                                                   |       |
| অর্থ<br>বাক্যে প্রয়োগ ঃ                                                                                   |       |
| বাক্যে প্রয়োগ ঃ-                                                                                          |       |
| বাক্যে প্রয়োগ ঃ-<br>                                                                                      |       |
| বাক্যে প্রয়োগ ঃ-                                                                                          |       |

| ৫।খ          | য়র খাঁ             |                 |
|--------------|---------------------|-----------------|
|              | অর্থ                |                 |
|              | বাক্যে প্র          | য়োগ ঃ-         |
|              |                     |                 |
| ৬। গে        | াবরে পদ             | যুকুল           |
|              | অর্থ                |                 |
|              |                     | য়োগ ঃ          |
|              |                     |                 |
| ৭।ছবি        | <b>ভ় ঘো</b> রা     | না              |
|              | অর্থ                |                 |
|              | বাক্যে প্র          | য়োগ ঃ-         |
|              |                     |                 |
| ৮। জ         | গাখিচুড়ি           |                 |
|              |                     |                 |
|              | বাক্যে প্র          | য়োগ ঃ-         |
|              | ٠.                  |                 |
| <b>है।</b> छ | টি কাটা<br>—-       |                 |
|              |                     |                 |
|              | বাক্যে প্র          | য়োগ ঃ-         |
| <b>5</b>     |                     |                 |
| 3018         | মুরের ফু<br>জার্গ - | ·····           |
|              |                     | য়োগ ঃ-         |
|              | 11619 9             | CALTO           |
| ১১।ন         | ানীর পুতু           |                 |
|              |                     |                 |
|              |                     | য়োগ ঃ-         |
|              |                     |                 |
| ১২। নু       | ্ন আনতে             | হ পাস্তা ফুরোয় |
| অর্থ         | •••••               |                 |
| বাক্যে:      | প্রয়োগ ঃ-          |                 |
|              |                     |                 |

| <b>५</b> ०। र   | বক ধার্মিক              |
|-----------------|-------------------------|
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগ ঃ-       |
|                 |                         |
| <b>3</b> 81     | বিনা মেঘে বজ্রাঘাত      |
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগ ঃ-       |
|                 |                         |
| Sælf            | <br>মছরির ছুরি          |
| <i>9</i> (C   1 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগঃ-        |
|                 |                         |
|                 |                         |
| ३७।             | শাক দিয়ে মাছ ঢাকা<br>— |
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগ ঃ-       |
|                 |                         |
| 3913            | হাটে হাঁড়ি ভাগ্ৰ       |
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগঃ         |
|                 |                         |
| <b>3</b> 610    | ছেলের হাতের মোয়া       |
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগ ঃ        |
|                 |                         |
| ১৯।             | নয় ছয়                 |
|                 | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগ ঃ-       |
|                 |                         |
| <b>5017</b>     | বাঁশের চেয়ে কঞ্জি দড়  |
| 701             | অর্থ                    |
|                 | বাক্যে প্রয়োগঃ-        |
|                 | 게 l 나 가 어 나 차 l 시 o     |
|                 |                         |

# (ঙ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ ঃ- (নমুনা)

- ♦দেশ রাষ্ট্র
- দ্বেষ হিংসা
- ♦অংশ- ভাগ
- অংস স্কন্থ (কাঁধ)
- ♦ইতি-শেষ
- ঈতি শস্যের ষড়বিন্দু
- ♦কুল বংশ
- কূল তীর
- ♦চির নিত্য
- চীর ছিন্ন বস্ত্র
- ♦টিকা প্রতিষেধক
- টীকা ভাষ্য
- ♦তত্ত্ব গৃঢ় অর্থ
- তথ্য সংবাদ
- ♦আসার প্রবল বৃষ্টি
- আষাঢ় মাস বিশেষ
- ♦উপাদান উপকরণ
- উপাধান বালিশ
- ♦গাথা শ্লোক
- গাঁথা গ্রন্থন
- ♦জাল নকল
- জ্বাল আগুনের তাপ
- ♦ধনী অর্থবান
- ধনি সুন্দরী
- ♦নিশিত ধারাল
- নিশীথ গভীর রাত্রি
- ♦বিষ গরল
- বিশ সংখ্যা বিশেষ
- ♦মুখ বদন
- মূক বোবা
- ♦ঋতি গতি
- রীতি প্রণালী

| ♦শীত - ঠান্ডা      |
|--------------------|
| সিত - সাদা         |
| ♦পাণি - হাত        |
| পানি - জল          |
| ♦ভাষণ - কথন        |
| ভাসন - দীপ্তি      |
| ♦যাচক - প্রার্থী   |
| যাজক - পুরোহিত     |
| ♦লক্ষ - একশো হাজার |
| লক্ষ্য - দৃষ্টি    |
|                    |

| নিজে করো ঃ-   | মান-১ |
|---------------|-------|
| ১ ৷ সূত       | •••   |
| সূত           |       |
| ২। শুচি       | ••••  |
| সূচি          | ••••  |
| ৩।জলা -       | ····  |
| জ্বলা         | ••••  |
| ৪।কোটি        | •••   |
| ক'টি          | ••••  |
| ৫। কমল        | ····· |
| কোমল          | ••••  |
| ৬। গিরিশ      | ••••  |
| গিরীশ         | ••••  |
| ৭।কৃত্তি      | •••   |
| কৃতী          | ····  |
| ৮। চ্যুত      |       |
| চূত           | •••   |
| ৯। উদ্দেশ্য - |       |
| উদ্দেশ        | ••••  |
| ১০।অশ্-       |       |
| र्गेकाकः      |       |

| >>          | ।সর্গ                 |
|-------------|-----------------------|
|             | স্বৰ্গ                |
| ১২          | । সব                  |
|             | <b>%</b>   <b>4</b>   |
| ১৩          | । শিকার               |
|             | স্বীকার               |
| \$8         | । সর                  |
|             | শ্র                   |
| \$6         | । <b>শ</b> ূর         |
|             | সুর                   |
| ১৬          | । শংকর                |
|             | সংকর                  |
| ١٩          | । পদ্ম                |
|             | পদ্য                  |
| 56          | ।কৃতী                 |
|             | কৃতি                  |
| ১৯          | । বিজন                |
|             | বীজন                  |
| ১৯          | বান                   |
|             | বাণ                   |
| ২০          | । বিত্ত               |
|             | বৃত্ত                 |
| <b>(</b> 5) | ) শুদ্ধরূপ ঃ- (নমুনা) |

- ♦ নেয্য/ন্যয়/ন্যায্য = ন্যায্য
- ♦মধুসুদন/মধূসূদন/মধুসূদন = মধুসূদন
- ♦অর্নধুতী/অরুন্ধুতী/অরুন্ধতী = অরুন্ধতী
- ♦বিদ্যান/বিদ্ধান/বিদ্ধান = বিদ্ধান
- ♦পিচাশ/পিশাচ/পিছাশ = পিশাচ

| 🕶 নিজে করো ঃ-                   | মান-১ |
|---------------------------------|-------|
| ১।শারীরিক/শারিরিক/ শারীরিক      |       |
| =                               |       |
| ২।স্বান্ধ্য/স্বাস্থ্য           |       |
| =                               |       |
| ৩। ব্যাকরণ/ব্যকরন/ ব্যকারণ      |       |
| =                               |       |
| ৪।বাল্মিকী/বাল্মীকি/বাল্মিকি    |       |
| =                               |       |
| ৫।সরস্বতী/স্বরসতী/সরসতী         |       |
| =                               |       |
| ৬। পৰু/পক্য/পৰু                 |       |
| =                               |       |
| ৭।ভাগিরথী/ভাগীরথী/ভাগিরথি       |       |
| =                               |       |
| ৮।সম্মান/সম্মাণ/সম্মাণ          |       |
| =                               |       |
| ৯।মনিষী/মনীষী/মনীষি             |       |
| =                               |       |
| ১০। দুরবস্থা/দূরবস্থা/দুরাবস্থা |       |
| =                               |       |
| ১১। গুণীগণ/গুণিগন/গুণিগুণ       |       |
|                                 |       |
| ১২। শ্রেষ্ঠতম/শ্রেষ্ঠ/শ্রেষ্ঠতর |       |

| 20          | । শয্য/শস্য/সশ্য                |
|-------------|---------------------------------|
|             | =                               |
| \$8         | । গীতাঞ্জলি/গীতাঞ্জলী/গিতাঞ্জলী |
|             | =                               |
| \$&         | । বিভীষিকা/বিভিষিকা/বীভিষিকা    |
|             | =                               |
| ১৬          | । দধীচি/দধিচি/দধীচী             |
|             | =                               |
| ১৭          | ।জিবীকা/জীবীকা/জীবিকা           |
|             | =                               |
| <b>\$</b> b | । সান্তনা/সান্ত্না/শান্তনা      |
|             | =                               |
| ১৯          | । চক্ষুরোগ/চক্ষুরোগ/চক্ষুরুগ    |
|             | =                               |
| ২০          | ।মহত্ব/মহত্ত                    |
|             | =                               |

## ভাব সম্প্রসারণ ঃ- (নমুনা)

'ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা তোমার আদেশে'।

সাধারণ অর্থ ঃ- ক্ষমা মানুষের একটি মহৎ গুণ যা দুর্বলতার লক্ষণ নয়। অনেক সময় ক্ষমা প্রদর্শনের ব্যাপারকে ক্ষমাকারীর দুর্বলতা বলে মনে করে অপরাধী। প্রয়োজনবোধে ক্ষমা প্রদানকারীকে কখনো কখনো কঠোর আচরণ করতে হয়।

ভাবসম্প্রসারণ ঃ- জীবনের চলার পথে স্থালন পতন স্বাভাবিক ঘটনা। মহৎ ব্যক্তি অপরাধীকে ক্ষমা করেন তাকে সংশোধনের সুযোগ দেওয়ার জন্য, কারণ অপরাধী যখন তার কৃতকর্মের জন্য অনুতপ্ত হয় তখন তাকে ক্ষমা না করে উপায় থাকে না। তারপর কেউ ভুল করে ফেললে তার প্রতি প্রথম থেকে নির্মম না হওয়া উচিত এবং ক্ষমার দৃষ্টিতে অপরাধীকে দেখলে সে হয়তো নিজেকে সংশোধন করে নিতে পারবে। এ কারণে উদার মনস্ক ব্যক্তি অপরাধীকে ক্ষমা করে থাকেন যা তার মহত্বের পরিচায়ক। কিন্তু ক্ষমা পাওয়ার পর অপরাধী অনেক সময় নিজেকে সংশোধন তো করে না, বরং আরও বেশি করে লিপ্ত হয় অন্যায় কর্মে। ক্ষমা তখন প্রকৃত তাৎপর্য হারিয়ে দুর্বলতার নামান্তর হয়ে উঠে। বেড়ে যায় অপরাধের মাত্রা। এরকম ক্ষেত্রে অপরাধীকে ক্ষমা না করে, তাকে কঠোর হস্তে দমন করা উচিত। দয়া-মায়া-মমতার সুযোগে অন্যায় যেখানে প্রশ্রয় পায় সেখানে নিষ্ঠুর দণ্ডবিধান কাম্য। নতুবা কোনোভাবে অন্যায়ের গতিরোধ করা সম্ভব হবে না। তাই ক্ষমা মহৎ গুণ। একথা স্বীকার করেও বলতে হবে, ক্ষমার কারণে যেখানে অন্যায়ের সম্ভাবনা বৃদ্ধি পায় সেখানে ক্ষমার কোনো প্রশ্ন উঠে না। সেখানে চাই অন্যায়ের উপযুক্ত শাস্তি।

## ভাবসম্প্রসারণ

## 🕶 নিজে করো ঃ-

১। "দ্বার বন্ধ করে দিয়ে শ্রমরটাকে রুখি, সত্য বলে, আমি তবে কোথা দিয়ে ঢুকি।" ২। "মেঘ দেখে কেউ করিস না ভয় আড়ালে তার সূর্য হাসে।" ৩। "কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে, ভাই বলে ডাক যদি দেব গলা টিপে। হেনকালে গগনেতে উঠিলেন চাঁদা-কেরোসিন শিখা বলে এসো মোর দাদা।" ৪। "জীবনের মূল্য আয়ুতে নহে কল্যাণপৃত কর্মে'।" ৫। "যারা শুধু মরে কিন্তু নাহি দেয় প্রাণ, কেহ প্রভু তাহাদের করেনি সম্মান।" ৬। "যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে মান-৬

সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে।

যে জাতি জীবন-হারা অচল অসাড়।"

৭। "নদীর এপার কহে ছাড়িয়া নি:শ্বাস,

ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।"

৮।"রথযাত্রা লোকারণ্য মহা ধুমধাম-

ভক্তেরা লুটায়ে পথে করিছে প্রণাম।

পথ ভাবে, আমি দেব, রথভাবে আমি,

মূর্তি ভাবে, আমি দেব, হাসে অন্তর্যামী।"

৯। "দন্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে সর্বশ্রেষ্ঠ সে বিচার।"

১০। "অন্যায় যে করে, আর অন্যায় যে সহে,

তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।"

১১। "সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে।"

১২। "জীবে প্রেম করে যে জন

সে জন সেবিছে ঈশ্বর।"

১৩।"উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে

তিনি মধ্যম যিনি চলেন তফাতে।"

১৪। "জিমলে মরিতে হবে/ অমর কে কোথা কবে?

চিরস্থির কবে নীর/ হায় রে জীবন-নদে।"

১৫। "পুষ্প আপনার জন্য ফোটে। পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিও।"

১৬। "ভালোমন্দ সুখ-দু:খ অন্থকার আলো

মনে হয় সব নিয়ে এই ধরণী ভালো।"

১৭। "ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।"

১৮।"স্বার্থমগ্ন যে জন বিমুখ,

বৃহৎ জগৎ হবে সে কখনও শেখেনি বাঁচিতে।"

১৯। "জগৎ জুড়িয়া এক জাতি আছে,

সে জাতির নাম মানুষ জাতি,

একই পৃথিবীর স্তন্যে লালিত,

একই রবিশশী মোদের সাথি।"

২০।"ক্ষমা যেথা ক্ষীণ দুৰ্বলতা,

হে রুদ্র নিষ্ঠুর যেন হতে পারি তথা।"

২১। অর্থ সম্পদের বিনাশ আছে,

কিন্তু জ্ঞান সম্পদ কখনো বিনফ্ট হয় না।

২২। বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

২৩। চরিত্র জীবনের অলংকার ও অমূল্য সম্পত্তি।

২৪। চক্চক্ করলে সোনা হয় না।

২৫। বিদ্যা বিনয় দান করে,

বিনয় দ্বারা জগৎ বশীভূত হয়।

## নমুনা সভার কার্যবিবরণী

#### সভা নং - ১

বিষয় ঃ- বিদ্যালয়ে স্বচ্ছতা বা নির্মল অভিযান

স্থান ঃ- বিদ্যালয়ের সভাকক্ষ।

তারিখ ঃ ০৪/০৩/২০২১

সময় ঃ দ্বিপ্রহর ১২ ঘটিকা।

সভাপতির নামঃ সৌভিক মজুমদার (প্রধান শিক্ষক)

#### উপস্থিত সদস্যদের নাম ঃ-

১। পাৎকজ সাহা (পরিচালন সমিতির সভাপতি) ২। প্রাণকুষ্ণ সাহা (পরিচালন সমিতির সহসভাপতি)

৩।কপিল দত্ত (সহ প্রধান শিক্ষক) ৪।আলি হোসেন ( শিক্ষক)

ে। অমলেন্দু পাল (শিক্ষক) ৬। শেফালি দত্ত (শিক্ষিকা)

৭। ভুবন সিংহ (ছাত্র প্রতিনিধি) ৮। হরিহর শর্মা (শিক্ষক)

১। যাদব পণ্ডিত (ছাত্র প্রতিনিধি) ১০। রাধিকা রায় (শিক্ষিকা)

#### সভার বর্ণনা

অদ্য রোজ সোমবার দ্বিপ্রহর ১২ ঘটিকায় খেদাছড়া মাধ্যমিক বিদ্যালয়ের সভাকক্ষে বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত সৌভিক মজুমদারের সভাপতিত্বে বিদ্যালয়ে স্বচ্ছতা বা নির্মল অভিযানের প্রস্তুতি সভার কাজ শুরু হয়। স্বাগত ভাষণ রাখেন বিদ্যালয়ের শিক্ষক অমলেন্দু পাল। তারপর প্রধান শিক্ষক সৌভিক মজুমদার স্বচ্ছতা বা নির্মল অভিযান সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কথা বলেন। তাছাড়া বিজ্ঞাপন বা গণমাধ্যমের ভূমিকা নিয়ে বিশদ বন্তুব্য পেশ করেন। স্বচ্ছ ভারত অভিযানের সাথে আমরা সবাই আজ পরিচিত। তাই আমাদের বিদ্যালয়কে এবং তার পারিপার্শ্বিক পরিবেশকে কীভাবে পরিচছন্ন রাখা যায়, জনসচেতনতা গড়ে তোলা যায় সে বিষয়ে একে একে বক্তব্য রাখেন। দীর্ঘক্ষণ আলোচনার পর নিম্নলিখিত সিম্বান্ত গৃহীত হয়।

## গৃহীত সিদ্ধান্ত সমূহ ঃ-

- ১। প্রতিটি শ্রেণিকক্ষে ময়লা ফেলার পাত্র রাখা হবে।
- ২। সপ্তাহে একদিন মেগা সাফাই করা হবে।
- ৩। বিদ্যালয় শুরুর প্রাক্মুহূর্তে প্রতিদিন নিজ নিজ শ্রেণিকক্ষ সাফাই করা হবে।
- ৪। বিদ্যালয় প্রাক্ষাণে গোটা দশেক আবর্জনা ফেলার পাত্র রাখা হবে।
- ৫। মিড- ডে মিলে ছাত্রছাত্রীরা প্রতিদিন সাবান দিয়ে হাত ধুয়ে খাবার খাবে।
- ৬। পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে নানা স্থানে নির্দেশ বা সতর্কবাণী লিপিবঙ্গ থাকবে।
- ৭। মাসে দুদিন জলের ট্যাঙ্ক/রিজারভার পরিষ্কার করা হবে।
- ৮। সপ্তাহে একদিন অফিসরুম ও স্টাফরুম পরিষ্কার করা হবে।

সভার শেষে সভাপতি সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সবাইকে ধন্যবাদ জানিয়ে অভিযান বাস্তবায়িত করতে সকলকে অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৌভিক মজুমদার
০৪/০৩/২০২১
সভাপতির স্বাক্ষর

#### উপস্থিত সদস্যদের স্বাক্ষর

১।পঙ্কজ সাহা ২।প্রাণকৃষ্ণ সাহা ৩।কপিল দত্ত ৪। আলি হোসেন ৫।অমলেন্দু পাল ৬।শেফালী দত্ত ৭।ভূবন সিংহ ৮।হরিহর শর্মা ৯।যাদব পণ্ডিত ১০।রাধিকা রায়।

## সভার কার্যবিবরণী

#### 

- ১। বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী উৎসব উদ্যাপন উপলক্ষ্যে প্রস্তৃতি সভার কার্যবিবরণী প্রস্তৃত করো।
- ২। তোমার বিদ্যালয়ে পুরস্কার বিতরণী উৎসব উপলক্ষ্যে একটি সভার কার্যবিবরণী প্রস্তুত করো।
- ৩। তোমার বিদ্যালয়ে স্বচ্ছতা বা নির্মল অভিযান কীভাবে বাস্তবায়িত হবে, তার জন্য একটি প্রস্তুতি কমিটি গঠন করা হবে। এ বিষয়ে সভার একটি কার্যবিবরণী রচনা করো।
- ৪। বিদ্যালয়ে সরস্বতী পূজা সুষ্ঠুভাবে সম্পাদন করার ব্যাপারে একটি সভার কার্যবিবরণী প্রস্তুত করো।
- ৫। তোমার বিদ্যালয়ে অরণ্য-সপ্তাহ পালনের জন্য যে প্রস্তুতি কমিটি গঠিত হয়েছে, তার প্রারম্ভিক অধিবেশনের কার্যবিবরণী রচনা করো।
- ৬। বিদ্যালয়ে মোবাইল ফোন ব্যবহার নিষিষ্ধ, এই মর্মে আহূত একটি সভার কার্যবিবরণী লিপিবঙ্গ করো।
- ৭। তোমার বিদ্যালয়ে শিক্ষক দিবস উদ্যাপনের জন্য যে প্রস্তুতি কমিটি গঠিত হয়েছে তার একটি সভার কার্যবিবরণী লিপিবন্ধ করো।
- ১০। তোমার বিদ্যালয় থেকে শিক্ষামূলক ভ্রমণ বা নিকট দূর ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের একটি সভার কার্যবিবরণী লিপিবন্ধ করো।
- ১১। তোমার বিদ্যালয়ে সহপাঠ্যক্রমিক কার্যাবলি চালু করতে শিক্ষকরা অনেকেই আগ্রহী। এ বিষয়ে একটি সভার কার্যবিবরণী রচনা করো।
- ১২। কোনো ক্লাবে রক্তদান শিবির উপলক্ষ্যে সদস্যদের আহূত সভার কার্যবিবরণী প্রস্তুত করো।

# নির্মিতি প্রবন্ধ রচনা

## সমাজের প্রতি ছাত্রসমাজের দায়িত্ব ও কর্তব্য

প্রাক্ ভূমিকা ঃ- ''বর্ষে বর্ষে দলে-দলে আসে বিদ্যামঠ তলে
চলে যায় তারা কলরবে,
কৈশোরের কিশলয় পর্ণে পরিণত হয়,
যৌবনের শ্যামল গৌরবে।"
— কালিদাস রায়

- ◆ভূমিকা ঃ- ছাত্র জীবনের শুভ মুহূর্ত হচ্ছে শিক্ষা ও অনুশীলন। প্রত্যেক মানুষের শৈশবে শিক্ষালাভের কাল থেকে সংসার ধর্মে প্রবেশের পূর্ব পর্যন্ত সময়কে ছাত্র জীবন বলে আখ্যায় দেওয়া হয়। ছাত্রদের একমাত্র মূলমন্ত্র হচ্ছে লেখাপড়া। ছাত্র জীবনই শৃঙ্খলাবোধে জীবন বিকাশের উজ্জ্বীবন মন্ত্র।
- ◆প্রাচীন ভারতের ছাত্রজীবন ঃ- 'ছাত্রাণাং অধ্যয়নং তপ:' এই বহুশ্রুত কথাটি বোধ হয় যুগে যুগে ছাত্র সমাজের মধ্যে বিদ্যমান আছে। সব ভুলে অধ্যয়নের মধ্যে দিয়ে তারা সৃষ্টিশীল মনোভাব গড়ে তোলে। প্রাচীনকালে শিক্ষালাভ ও চরিত্র গঠনের জন্য ছাত্রদের তাদের গুরুগৃহে পাঠাতেন তাদের অভিভাবকেরা এবং সেখানেই তারা শিক্ষালাভের পাশাপাশি দায়িত্ব কর্তব্য ও সদ্গুণাবলির অনুশীলনে চরিত্র গঠন করত। কবির ভাষায় বলা যায়-

"ছোটো ছোটো দাগ পার যুচে হয় একাকার নব নব পদ তাড়নায়।"

◆ইংরেজ শাসনে ভারতীয় ছাত্রজীবন ঃ- পরাধীন ভারতবাসীর উপর শাসক ইংরেজদের অত্যাচার ছাত্রদের মনকে চঞ্চল করে তুলেছিল। তখন শুধু অধ্যয়ন আর তপস্যা ছাত্রজীবনে রইল না। সুতরাং অধ্যয়ন এবং তপস্যা এই মানদণ্ডে সে দিন ছাত্রদের দায়িত্ব ও কর্তব্য বেঁধে রাখা সম্ভব হয়নি। কারণ ছাত্ররাই হল দেশের ভবিষ্যৎ, তাদের কল্যাণকর কাজের ওপরেই দেশের বা সমাজের ভবিষ্যৎ নির্ভর করছে। তাই কবি বলেছেন — "ছাত্রদের বলিদান নিয়ে ভারতমাতার মুখখানা উজ্জ্বল।"
সাধীন ভারতের দেশ গঠনে ছাত্র সমাজের কর্তব্য ঃ- স্বাধীনোত্তর ভারতবর্ষে দাবিদ্য অশিক্ষা অসাম্য কুসংস্কাবে জর্জবিত

স্বাধীন ভারতের দেশ গঠনে ছাত্র সমাজের কর্তব্য ঃ- স্বাধীনোত্তর ভারতবর্ষে দারিদ্র্য, অশিক্ষা, অসাম্য, কুসংস্কারে জর্জরিত জাতিকে সুস্থ, সবল, সুখকর, সুন্দর সংস্কৃতিবান করে গড়ে তোলার প্রয়োজনীয়তা অনুভব করেছিল ছাত্রসমাজ, তাই কবির কণ্ঠে ধ্বনিত হয়েছে—

> "প্রাণ চঞ্চল প্রাচীন তরুণ, কর্মবীর, হে মানবতার প্রতীক গর্ব উচ্চশির।"

♦অধ্যয়নের সরণি বেয়ে ছাত্রসমাজ ঃ- ছাত্রদের প্রধান কর্তব্য হল অধ্যয়ন, দেশের স্বাধীনতা লাভের আগে ছাত্ররা বিদ্যানুশীলনের ক্ষেত্রে বিরাট অন্তরায়ের সম্মুখীন হয়েছিল। পরবর্তী সময়ে অধ্যয়ণের সরণি বেয়ে বৃহত্তর জীবন সংগ্রামের জন্য প্রস্তুত হবে এবং নিজেকে দেশের যোগ্য সুসন্তান রূপে গড়ে তুলবে। কবি উল্লেখ করেছেন— " আমাদের চোখের মণি, ওরাই আমাদের বুকের বল, ওরাই আমাদের অমর প্রদীপ, ওরাই আমাদের আশার স্থল।"

◆শিক্ষার আধুনিক সংজ্ঞা ঃ- শিক্ষার আধুনিক সংজ্ঞায় বলা হয়েছে— "To individualise education and to socialise the child should be the goal of education." শিক্ষার আধুনিক পরিভাষায় বিদ্যালয়গুলি হল সমাজ জীবনের প্রতিরূপ আর ছাত্ররা হয়ে উঠেছে এই নির্মল সমাজের অঞ্চা। ছাত্র জীবনই ভবিষ্যৎ জীবনের ভিত্তিস্বরূপ।

ছাত্র সমাজের দায়িত্ব ও কর্তব্য ঃ- সামাজিক দায়িত্ব ও কর্তব্য যতই থাকুক না কেন, অধ্যয়ন ছাত্রদের প্রধান তপস্যা। ছাত্রজীবনই ভবিষ্যৎ জীবন গঠন কাল। লেখা-পড়ার মধ্য দিয়ে মানসিকতার বিকাশ সাধনের সাথে খেলাধুলা, ব্যায়াম ও শরীরচর্চার মাধ্যমে দেহকে সুগঠিত করা ছাত্রজীবনের কর্তব্য। কবির কণ্ঠে ধ্বনিত হয়েছে—

"আমরা শক্তি আমরা বল আমরা ছাত্রদল।"

◆ছাত্রজীবনের প্রধান কর্তব্য হল চরিত্র গঠন ঃ- আধুনিক শিক্ষার মূল উদ্দেশ্য হল "Man Making character Building" শৃঙ্খলা হল চরিত্রগঠনের মূল ভিত্তি, কবি উল্লেখ করেছেন-

> "সকল দেশে সকল কালে উৎসাহ তেজ অঞ্চল, ওরাই আমাদের আশার প্রদীপ, ওরা আমাদের ছেলের দল।"

- ◆ছাত্রজীবনই শৃঙ্খলানুশীলনের উপযুক্ত সময় ঃ শৃঙ্খলাবোধ জীবন বিকাশের উজ্জীবন মন্ত্র। উর্ধ্বমুখী সমাজ ব্যবস্থার প্রকৃত সোপান হচ্ছে শৃঙ্খলাবোধ। এর ভিত্তি রচনা করবে ছাত্রসমাজ, ছাত্রজীবন হল দায়িত্ববোধ গঠনের সঠিক কাল।
- ◆মাতাপিতা ও গুরুজনদের প্রতি শ্রন্থাবোধ ঃ- বর্তমান সমাজ সচেতনতার যুগে ছাত্র সমাজের আদর্শ মাতা-পিতা ও গুরুজনদের প্রতি ভক্তি শ্রন্থা প্রদর্শন করা। উপনিষদ ছাত্রসমাজকে শিক্ষা দিয়েছেন— "মাতৃদেবো ভব, পিতৃ দেবো ভব, আচার্য দেবো ভব, অতিথি দেবো ভব।" বিনয়, ভালোবাসা, আর্শীবাদ, সহানুভূতি, স্নেহ ও মায়া-মমতা দিয়ে পৃথিবীকে জয় করা যায়। যার উদয় হবে ছাত্রজীবন থেকেই। তাই কবি বলেছেন—

" মোদের চোখে বিশ্ববাসীর স্বপ্ন দেখা হোক সফল আমরা ছাত্রদল।"

◆ছাত্রসমাজকে নীতিশিক্ষা গ্রহণ করা প্রয়োজন ঃ- মানব সভ্যতার উন্নতির সাথে সাথে ভাবী প্রজন্মকে দিতে হবে সমাজসেবার শিক্ষা। মানুষের দু:খ মোচন করা, সেবাদান করা,উপকার করা, আত্মবিসর্জন দেওয়া-এগুলো ভারতীয় নীতি ও আদর্শ, এসব রক্ষা করবে ছাত্রসমাজ, কবি উল্লেখ করেছেন—

> "যুগে যুগে রক্তে মোদের সিক্ত হল পৃথীতল আমরা ছাত্রদল।"

- ◆শৃঙ্খলাবোধ গঠন ঃ- শৃঙ্খলাবোধ জীবন বিকাশের উজ্জীবন সুধা, তা জীবন বিকাশের অনুকূল গতিপথ রচনা করে। কিন্তু শৃঙ্খলা যদি শৃঙ্খল হয় তাহলে ছাত্রজীবনের অগ্রগতির পথ স্তব্ধ হয়ে যাবে। সমাজ প্রাণহীন নিয়ম শৃঙ্খলার বেড়াজালে আচার অনুষ্ঠানের মাধ্যমে পরিণত হয়ে যেন এক সংকীর্ণ অচলায়তনে পরিণত না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- ◆ছাত্রজীবনের শিফাচার ও সৌজন্যবোধ ঃ- ছাত্রজীবনের প্রথম পর্বে গড়ে ওঠা আচার আচরণ ও স্বভাব চরিত্র, যা মানব

সভ্যতার অগ্রগতিতে মহন্তম সুফল বিকশিত করে। এভাবে ছাত্রজীবনে সৌজন্য ও শিফীচারের মহন্তম গুণে নিজেকে গুণান্বিত করে ভাবী স্বর্ণপ্রসূ জীবনের সৌপানটিকে শক্ত ভিতের উপর সুপ্রতিষ্ঠিত করতে হয়, তাই কবি উল্লেখ করেছেন—

> "কেউ বলিষ্ঠ, কেউ বা চপল, কেউ বা উগ্র, কেউ বা মিঠে, ওরা আমাদের ছেলেরা সব,— ভাবনা যা সে ওদের পিঠে।"

- ◆শিক্ষা প্রতিষ্ঠানে শৃঙ্খলাবোধে ছাত্র সমাজ ঃ- শিক্ষা প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা অপরিহার্য অঙ্গা, শৃঙ্খলাবন্ধ শান্তিপূর্ণ পরিবেশে পঠন পাঠন সম্ভব। উচ্ছৃঙ্খল উন্মন্ত শিক্ষার্থীকে শিক্ষাদান কিংবা তার পক্ষে শিক্ষা গ্রহণ আদৌ সম্ভব নয়। তাই প্রতিটি ছাত্রকে জীবনে সুশৃঙ্খল হতে হবে। ছাত্র সমাজ যেন আদর্শ ভ্রম্ট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- ♦উপসংহার ঃ- ছাত্র সমাজ দেশের ভবিষ্যৎ নাগরিক। তারাই নবযুগ ও জাতির স্রফী, ছাত্ররা পরিবারভুক্ত সমাজ ও দেশের অবিচ্ছেদ্য অঙ্গা, ছাত্রদের সুস্বাস্থ্যের দিকে নজর দিতে হবে, সুস্বাস্থ্যের অধিকারী হলে তারুণ্যের প্রাণ শক্তিতে সমস্ত হৃদয় ভরে ওঠে। তাই কবির ভাষায় বলবো—

"জগৎ সভায় শ্রেষ্ঠ মোরা যত ছেলের দল, মোদের নিয়ে বিশ্বমাতার মুখখানা উজ্জ্বল আমরা ছেলে সবার সেরা সবার প্রধান হই, বুন্দি এবং জ্ঞান গরিমায় সবার উপর রই।"

## নিজে করো (অনধিক ২৫০ শব্দে)

মান-১০

- ১। বিজ্ঞান ও কুসংস্কার
- ২। পরিবেশ দৃষণ ও তার প্রতিকার
- ৩। ত্রিপুরা শিল্প ও শিল্প সম্ভাবনা
- ৪। ছাত্রজীবনে খেলাধু লার উপযোগিতা
- ৫। প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় ছাত্র ও যুবসমাজ
- ৬। বৃক্ষরোপণ ও বনমহোৎসব
- ৭। স্বচ্ছ ভারত অভিযান
- ৮। রক্তদান ও জীবন দান
- ৯। তোমার প্রিয় লেখক
- ১০। ত্রিপুরার জনজীবনে সমস্যা ও সমাধান
- ১১। মহামারি ও মানব সভ্যতা
- ১২। ছাত্রজীবনে সংবাদপত্র পাঠের প্রয়োজনীয়তা
- ১৩। ত্রিপুরার লোক সংস্কৃতি

- ১৪। তোমার জীবনের লক্ষ্য
- ১৫। ত্রিপুরার একটি জাতীয় উৎসব
- ১৬। তোমার দেখা ত্রিপুরার একটি গ্রাম
- ১৭। ত্রিপুরার পর্যটন শিল্প ও ভবিষ্যৎ সম্ভাবনা।
- ১৮। মোবাইল ফোনের ভালো-মন্দ
- ১৯। অগ্রগতির পথে ত্রিপুরা
- ২০। সমাজের প্রতি ছাত্র সমাজের দায়িত্ব ও কর্তব্য
- ২১। ত্রিপুরার একটি ঐতিহাসিক স্থানে ভ্রমণের অভিজ্ঞতা
- ২২। বিশ্ব যোগাদিবস
- ২৩। মানব কল্যাণে বিজ্ঞানের অবদান
- ২৪। ত্রিপুরার কুটির শিল্প
- ২৫। বিজ্ঞান মেলার গুরুত্ব
- ২৬। ত্রিপুরার প্রাকৃতিক সম্পদ ও তার ব্যবহার।

# আদর্শ প্রশ্নপত্র

# বাংলা

# বিভাগ-ক

| সঠিক উত্তরটি লেখো ঃ-                                                                                                 |                               |                   |                     | <b>&gt;</b> ≥ <b>∀ &gt; ∀</b>               |  |  |  |
|----------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------|-------------------|---------------------|---------------------------------------------|--|--|--|
| ১। "পরিচয় না দিলে করিতে                                                                                             | চ নারি পার"— বক্তা আসলে ব     | <u> গরিচয় জা</u> | নতে চেয়েছে         | न ?                                         |  |  |  |
| (ক) হরিহোড়ের                                                                                                        | (খ) দেবী অন্নপূর্ণার          | (গ) ভবানন্দে      | রে (ঘ)              | ঈশ্বরী পাটনি।                               |  |  |  |
| ২। তরুণ-তরুণীরা যা তুলিল                                                                                             | _                             |                   |                     |                                             |  |  |  |
| (ক) অশোক                                                                                                             | (খ)কনকচাঁপা                   | (গ)বকুল           | (ঘ)                 | গোলাপ।                                      |  |  |  |
| ৩। হাট কবিতার কবি হলেন                                                                                               | _                             |                   |                     |                                             |  |  |  |
| (ক) রবীন্দ্রনাথ ঠাকুর                                                                                                | া (খ) যতীন্দ্রনাথ সেনগুপ্ত    | (গ) যতীন্দ্রমে    | াহন বাগচী           | (ঘ) যতীন্দ্রমোহন সেন।                       |  |  |  |
| ৪। চঞ্চল কুমারী অনন্ত মিশ্র                                                                                          | কে পত্রের সঙ্গো দিলেন—        |                   |                     |                                             |  |  |  |
| (ক) মুক্তোর হার                                                                                                      | (খ) মুক্তোর বালা              | (গ) মু            | ্বো আংটি            | (ঘ) মুক্তো নির্মিত রাখি।                    |  |  |  |
| ৫। থিয়েটারে নতুনদাকে বাঙ                                                                                            | গাতে হবে—                     |                   |                     |                                             |  |  |  |
| (ক) ঢোল                                                                                                              | (খ) হারমোনিয়াম               | (গ) তবলা          | (ঘ)বাঁশি।           |                                             |  |  |  |
| ৬। মাসাই কুলিরা সিংহকে ত                                                                                             | য নামে ডাকে—                  |                   |                     |                                             |  |  |  |
| (ক) সিঙ্গা                                                                                                           | (খ) সিম্বা (গ) বি             | সম্ব              | (ঘ) শের             |                                             |  |  |  |
| একটি পূৰ্ণাঙ্গা বাক্যে নীচের                                                                                         | া প্রতিটির উত্তর দাও ঃ-       |                   |                     | $\mathbf{x} \times \mathbf{p} = \mathbf{p}$ |  |  |  |
| ৭।"পরম কুলীন স্বামী বন্দ্যব                                                                                          | বংশখ্যাত।" কার কথা বলা হয়ে   | য়ছে?             |                     |                                             |  |  |  |
| ৮। "বদলে দাও"— কবি কী                                                                                                | প্রার্থনা করেছেন ?            |                   |                     |                                             |  |  |  |
| ৯।"সেই গান শুনি"— কারা শুনছিল সেই গান ?                                                                              |                               |                   |                     |                                             |  |  |  |
| ১০।"মেঠো পথে মিশে আ                                                                                                  | .ছ"— কী মিশে আছে?             |                   |                     |                                             |  |  |  |
| ১১। উদয়পুর যাত্রায় অনন্ত                                                                                           | মিশ্রের সঙ্গে কী ছিল?         |                   |                     |                                             |  |  |  |
| ১২।শংকরের পুরো নাম কী                                                                                                | ?                             |                   |                     |                                             |  |  |  |
| ১৩।''পর্যবেক্ষণ করিয়া প্রতী                                                                                         | ोয়মান হয়।"— কী প্রতীয়মান : | হয় ?             |                     |                                             |  |  |  |
| ১৪। নতুনদা কী কারণে থিয়েটারে যাচ্ছেন ?                                                                              |                               |                   |                     |                                             |  |  |  |
| বিভাগ-খ                                                                                                              |                               |                   |                     |                                             |  |  |  |
| নীচের প্রশ্নগুলির উত্তর দাও                                                                                          | \$ <b>%</b> -                 |                   |                     | €×७= <b>೨</b> ೦                             |  |  |  |
| ু<br>১৫।''ঈশ্বরীরে পরিচয় করেন ঈশ্বরী''—উদ্ধৃত অংশটি কোন্ কবিতার অংশ ? 'দুই ঈশ্বরী' কে কে ? কীভাবে পরিচয় দিয়েছে তা |                               |                   |                     |                                             |  |  |  |
| লেখো।                                                                                                                |                               |                   |                     | <b>&gt;+&gt;+</b> 0                         |  |  |  |
|                                                                                                                      |                               | অথবা              |                     |                                             |  |  |  |
| "বদলে দাও"— কার কাছে কবির এই প্রার্থনা ? কবি কী চান ? তাঁর এই চাওয়া কতদূর যুক্তিযুক্ত ? ১+১+৩                       |                               |                   |                     |                                             |  |  |  |
| ১৬।"বিস্মৃত দিনের কথা ত                                                                                              | াকস্মাৎ যেন মনে আনে,"— ব      | চার লেখা, কোন     | ্ কবিতার অ <u>ং</u> | ংশ ? কীভাবে 'বিস্মৃত দিনের' কথা মনে         |  |  |  |
| আসে?                                                                                                                 |                               |                   |                     | <b>&gt;</b> + <b>&gt;</b> + <b>&gt;</b>     |  |  |  |

#### অথবা

"রং তার আশ্বিনের আলোর মতন"— উদ্পৃতিটি কোন্ কবিতার অংশ ? কবি কীসের 'রং এর কথা বলেছেন ? আশ্বিনের আলোর মতন বলার রূপকার্থ লেখো।

১৭। "কলকাতার বাবু- অর্থাৎ ভয়ংকর বাবু"— উদ্ধৃতিটি কোন্ পাঠ্যের ? 'কলকাতার বাবু' কে ? তার সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+১+৩

#### অথবা

'বিপৎকালে যে ইতস্তত করে সেই মারা যায়'' — কার লেখা, কোন্ পাঠ্যের অংশ ? প্রসঙ্গা উল্লেখ করে তাৎপর্য লেখো।২+৩ ১৮। "এই স্থান দেবতামুড়া নামে অভিহিত হয়''— স্থানটি কোথায় ? কারা, কোন্ স্থানকে 'দেবতামুড়া' বলে ? 'দেবতামুড়া' নামে অভিহিত করার কারণ লেখো।

#### অথবা

"সেই রহস্যময় মহাদেশ" — কোন্ মহাদেশকে 'রহস্যময়' বলা হয়েছে ? কেন বলা হয়েছে ? 'রহস্যময়তার' কারণগুলি বর্ণনা করো।

১৯। "প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়"— কোন্ গল্পের অংশ ? কার কথা বলা হয়েছে ? প্রকৃতি কীভাবে তার ভাষায় অভাব পূর্ণ করে ? ১+১+৩

#### অথবা

"সাত বছরের শত্রুতা 'স্বার্থের খাতিরে' একদিনে হঠাৎ স্থাগিত হয়ে গেল— উদ্ধৃতিটি কোন্ গল্পের অন্তর্গত ? স্বার্থটি কী ছিল ? 'স্বার্থের খাতিরে' আচরণের কীরূপ পরিবর্তন হল তা লেখো। ১+১+৩

২০। "পরীক্ষক অনেকক্ষণ নিরীক্ষণ করিয়া বলিলেন মন্দ নহে"— 'পরীক্ষক' বলতে কাদের বলা হয়েছে? কাকে, কোথায় নিরীক্ষণ করল? কখন পরীক্ষক এই মতামত প্রকাশ করল?

#### অথবা

"মাছ দেখে খুশি হয়ে হাসি ফুটল সবার মুখে"— কার লেখা ? কে মাছ এনেছিল ? সবার মুখে হাসি ফোটার কারণ উল্লেখ করো।

#### বিভাগ-গ

## ২১। নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো ঃ-

\$×¢=¢

- ক) সে কথার প্রয়োজন নাই।(হ্যাঁ বোধক বাক্যে)
- খ) এখানে আকাশ নীল। (জটিল বাক্যে)
- গ) ইহা কেহই বলিতে পারে না।(প্রশ্নবোধক বাক্যে)
- ঘ) হঠাৎ কীসের শব্দে তার ঘুম ভাঙল। (যৌগিক বাক্যে)
- ঙ) মিশ্রঠাকুর চলিয়া গেলেন। কিন্তু গৃহে গেলেন না। (সরল বাক্যে)।

#### অথবা, সন্ধি বিচ্ছেদ করো ঃ-

ইতস্তত, অহর্নিশ, অত্যন্ত, বিপজ্জনক, বৃষ্টি

২২। একটি করে উদাহরণ দাও ঃ-

\$x**৫=**৫

তৎসম শব্দ, যোগরূঢ় শব্দ, কৃৎপ্রত্যয়, সমীভবন, মধ্যপদলোপী কর্মধারয়।

২৩। প্রত্যয় নির্ণয় করো ঃ-\$x(c=(c পূজারি, বুদ্বিমান, পাগলামি, ঐতিহাসিক, দয়ালু। ২৪। সঠিক বানান বেছে নাওঃ-3)=1)×¢ ব্যবধান/ ব্যাবধান/ বেবধানে ভাগরীরথি/ ভাগীরথী/ ভাগিরথী। অহোরাত্র/অহরাত্র/ অহোরাত্রি সারথি/ সরিথি/ শারথী কুতুহল/ কৌতূহল/ কৌতুহল। অথবা, বাগধারা সহযোগে বাক্য রচনা করো — আকাশ কুসুম, শিরে-সংক্রান্তি, তীর্থের কাক, কেঁচে গন্তুষ, হাতের পাঁচ। বিভাগ-ঘ ২৫। নিম্নলিখিত যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। (অনধিক ২৫০ শব্দে) ঃ-(ক) ত্রিপুরার প্রাকৃতিক সৌন্দর্য। (খ) স্বচ্ছ ভারত অভিযান। (গ) করোনা মোকাবিলায় ছাত্র সমাজের ভূমিকা। ২৬। ভাব-সম্প্রসারণ ঃ- (১৫০-২০০ শব্দের মধ্যে) 'যারা শুধু মরে কিন্তু নাহি দেয় প্রাণ কেহ কভু তাহাদের করেনি সম্মান।' তোমার বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান বিষয়ে আয়োজিত একটি সভার কার্যবিবরণী রচনা করো।